আগাম ভোট
26 অক্টোবর থেকে 3 নভেম্বর পর্যন্ত

নির্বাচনের দিন
5 নভেম্বর

2024 এর সাধারণ নির্বাচন

# ভোটার গাইড

ব্যালট প্রস্তাবনাসমূহ

1989 সাল থেকে নির্বাচনের জন্য
NYC-এর নির্দলীয় গাইড

NYC VOTES
নিউ ইয়র্ক সিটি ক্যাম্পেইন ফাইন্যান্স
বোর্ডের একটি উদ্যোগ

nycvotes.org/bn-এ আরও জানুন

# আপনার 2024 NYC ভোটার গাইডে স্বাগতম!

NYC Votes-এ স্মার্ট ভোট দিন! ব্যালটে কী রয়েছে এবং আপনার ব্যালটে ভোট প্রদান করার বিভিন্ন উপায়গুলি সম্পর্কে পড়ুন।

### আমি কখন ভোটপ্রদান করব?

- নিউ ইয়র্ক স্টেটের সাধারণ নির্বাচন মঙ্গলবার **5 নভেম্বরে** অনুষ্ঠিত হবে।
- আপনি শনিবার, **26 অক্টোবর** থেকে রবিবার, **3 নভেম্বর** পর্যন্ত আগাম ভোট দিতে পারেন।
- সোমবার, **4 নভেম্বর** তারিখে কোনও আগাম ভোট দান নেই।

### আমি কী উদ্দেশ্যে ভোটপ্রদান করব?

**অফিসগুলি**

- রাষ্ট্রপতি
- উপরাষ্ট্রপতি
- মার্কিন সিনেট
- মার্কিন পরিষদ
- স্টেট সিনেট
- স্টেট অ্যাসেম্বলি

**বিচারপতি**

- NYS সুপ্রিম কোর্ট
- নাগরিক আদালত
- সারোগেট আদালত

**অন্যান্য**

- ব্যালট প্রস্তাবনাসমূহ

আপনার ব্যালটে মজুদ প্রার্থীদের সম্পর্কে জানার জন্য **bengali.nycvotes.org/candidates**-এ যান।

## নির্বাচনের তারিখ এবং শেষ তারিখগুলি

| | |
|---|---|
| **26 অক্টোবর** | ভোটার নিবন্ধনের শেষ তারিখ<br>**মেইল ব্যালট অনুরোধ** (অনলাইন বা ডাকযোগে)<br>**আগাম ভোট প্রদান শুরু হবে** |
| **3 নভেম্বর** | **আগাম ভোট শেষ হবে** |
| **4 নভেম্বর** | **অনুপস্থিত ব্যক্তির ব্যালট অনুরোধের শেষ তারিখ** (নির্বাচন বোর্ড অফিসে ব্যক্তিগতভাবে) |
| **5 নভেম্বর** | **নির্বাচনের দিন (সকাল 6:00 টা – রাত 9:00 টা পর্যন্ত)**<br>**আপনার অনুপস্থিত ব্যক্তির ব্যালট পোস্টমার্ক করার বা এটি একটি পোল সাইটে গিয়ে পৌঁছে দেওয়ার শেষ তারিখ** |

## সূচীপত্র


3 কীভাবে ভোটপ্রদান করতে হবে
4 আপনার পোল সাইটে কী আশা করা যায়
5 ভোটার হিসেবে আমার অধিকারগুলি কী?
6 অ্যাক্সেসযোগ্যতা
7 নমুনা ব্যালট
8 নির্বাচিত কর্মকর্তাদের করণীয় কী?
9 শরৎকাল 2024-এর ব্যালট প্রস্তাবনাসমূহ
14 NYC Votes এর ব্যাপারে
15 সচরাচর জিজ্ঞাসিত প্রশ্নাবলী
16 নির্বাচন বোর্ডের সাথে যোগাযোগ করুন

# কীভাবে ভোটপ্রদান করতে হবে

## পোল সাইট এবং ভোটপ্রদানের সময়সূচী

**আপনার পোল সাইট কোথায় রয়েছে এবং ভোটপ্রদানের সময় খুঁজে নিন:**

- **nycvotes.org/bn**-এ যান।
- NYC নির্বাচন বোর্ডকে **866-VOTE-NYC (866-868-3692)**-এ বা **TTY 212-487- 5496**-এ কল করুন।

## ডাকযোগে ভোট প্রদান

ডাকযোগর মাধ্যমে ভোট প্রদান করার দুটি বিকল্প রয়েছে: 'অনুপস্থিত' এবং 'আগাম মেইল'। আপনার যদি অসুস্থতা বা ভ্রমণ সংক্রান্ত কোনো কারণ থাকে, তাহলে আপনি অনুপস্থিত ব্যক্তির ব্যালটের জন্য অনুরোধ করতে পারেন। যদি আপনার কোনো কারণ না থাকে, তাহলে আপনি একটি আগাম মেইল ব্যালটের জন্য অনুরোধ করতে পারেন।

**26 অক্টোবর** হচ্ছে আপনার ব্যালট অনলাইনে অনুরোধ করার, অথবা নির্বাচন বোর্ডের (Board of Elections, BOE) কাছে ডাকযোগে আপনার অনুরোধটি পৌঁছানোর শেষ তারিখ। আপনি যদি একটি মেইল ব্যালট ব্যবহার করার পরিকল্পনা করেন শুধুমাত্র তবেই এটির অনুরোধ করুন। একটি নতুন রাজ্য আইনের কারণে, আপনি যদি মেইল ব্যালটের অনুরোধ করার পরে ব্যক্তিগতভাবে ভোট দিতে চান তবে আপনাকে আপনার পোল সাইটে একটি এফিডেভিট ব্যালট দিয়ে ভোটপ্রদান করতে হবে।

**মেইল ব্যালটের মাধ্যমে আপনার ভোটের অনুরোধ কীভাবে করবেন:**

- **requestballot.vote.nyc**-এ যান।
- শ্রবণ সংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য **866-VOTE-NYC (866-868-3692)** বা **TTY 212-487-5496**-এ NYC নির্বাচন বোর্ডে কল করুন।
- আপনার স্থানীয় NYC নির্বাচন বোর্ডের অফিসে যান। ব্যক্তিগতভাবে আপনার ব্যালটের অনুরোধ করার শেষ তারিখ হচ্ছে **4 নভেম্বর**।

**আপনার যদি দৃষ্টি সংক্রান্ত অক্ষমতা থাকে বা প্রতিবন্ধকতা থাকে**

স্ক্রীন রিডার দ্বারা আপনার ব্যালট পড়ে শোনানোর জন্য, আপনি **requestballot.vote.nyc/accessibility**-এ বা উপরের নম্বরে কল করে একটি অ্যাক্সেসযোগ্য অনুপস্থিত ব্যক্তির ব্যালটের অনুরোধ করতে পারেন।

আপনি যদি স্থায়ীভাবে অসুস্থ বা অক্ষম হয়ে থাকেন, তাহলে পুনরায় আবেদন করার প্রয়োজন ছাড়াই আপনি প্রতি নির্বাচনের জন্য একটি অনুপস্থিত ব্যক্তির ব্যালট পেতে পারেন। স্থায়ী অসুস্থতা বা শারীরিক অক্ষমতার কারণ দেখিয়ে আপনার কাউন্টি নির্বাচন বোর্ডের কাছে একটি আবেদন করুন।

**আপনার ব্যালট ট্র্যাক করুন**

আপনি **requestballot.vote.nyc/tracking**-এ গিয়ে NYC নির্বাচন বোর্ড থেকে আপনার ব্যালট ট্র্যাক করতে পারেন।

## আগাম ভোট দিন

**আপনি নির্বাচনের দিনের পূর্বেই সশরীরে ভোটদান করতে পারবেন!**

**কী জানা দরকার**

- আগাম ভোটের দিনের পোল সাইট এবং নির্বাচনের দিনের পোল সাইট সাধারণত আলাদা হয়।
- সময়সূচি প্রতিদিন পরিবর্তিত হয়, তাই যাওয়ার আগে আপনার পোল সাইটটি চেক করুন এবং সেটির সময়সূচি নিশ্চিত করুন।

**আগাম ভোট দানের তারিখগুলি**

শনিবার, **26 অক্টোবর** থেকে রবিবার, **3 নভেম্বর পর্যন্ত**। সোমবার, **4 নভেম্বর** তারিখে কোনও আগাম ভোট দান নেই।

## নির্বাচনের দিন

নির্বাচনের দিন, **5 নভেম্বর** সকাল 6:00 টা থেকে রাত 9:00 টা পর্যন্ত ভোট কেন্দ্রগুলি খোলা থাকবে। আপনাকে অবশ্যই আপনার নির্ধারিত পোল সাইটে ভোট দিতে হবে।

**পোল সাইটের স্থান পরিবর্তন হতে পারে এজন্য আপনি যাওয়ার আগে অবশ্যই চেক করুন!**

# আপনার পোল সাইটে কী আশা করা যায়

## পৌঁছানোর পরে চেক ইন করুন

আপনি যখন প্রবেশ করবেন, তখন একজন ভোট কর্মী আপনাকে দেখিয়ে দেবেন কোথায় সাইন ইন করতে হবে। তারা নিবন্ধিত ভোটারদের তালিকায় আপনাকে খুঁজবে এবং আপনাকে ব্যালট দেওয়ার আগে আপনার স্বাক্ষর যাচাই করবে।

**উপদেশ: আপনি যদি নির্বাচন বোর্ড থেকে ডাকযোগে একটি Fast Pass পেয়ে থাকেন, তাহলে দ্রুত চেক ইন করার জন্য সেটি আপনার সঙ্গে নিয়ে আসবেন!**

* ভোট দেওয়ার জন্য আপনাকে আইডি দেখাতে হবে না, যদি না আপনি প্রথমবার ভোটপ্রদানকারী হন যিনি ভোটপ্রদান করতে নিবন্ধন করার সময় মোটরযান দপ্তর (Department of Motor Vehicles, DMV) লাইসেন্স বা সোশ্যাল সিকিউরিটি নম্বর প্রদান করেননি।

## আপনার ব্যালট পূরণ করুন

আপনার পছন্দের পাশে দেওয়া ডিম্বাকারটি সম্পূর্ণরূপে পূরণ করে আপনার ব্যালটটি চিহ্নিত করুন।

আপনি যদি কোনো ভুল করেন বা আপনার ব্যালট সম্পর্কে যদি কোনো প্রশ্ন থাকে, আপনি একজন ভোট কর্মীর কাছে সাহায্য চাইতে পারেন!

* আপনার ব্যালটের উভয় দিক যাচাই করে নিতে ভুলবেন না যাতে আপনি কিছু ছেড়ে না দেন।

## আপনার ব্যালট স্ক্যান করুন

একবার আপনার ব্যালট পূরণ করা হয়ে গেলে, একজন ভোট কর্মী আপনাকে স্ক্যানারে আপনার ব্যালট ঢোকাতে সাহায্য করবেন। আপনার ভোটপ্রদান হয়ে গেলে স্ক্যানার আপনাকে জানাবে।

## আপনার স্টিকার প্রাপ্ত করুন

আপনার স্টিকার নিন! এটি পরুন, এটি দেখান এবং নিশ্চিত করুন যে আপনার বন্ধুরা এবং পরিবারও যাতে ভোট দেওয়ার পরিকল্পনা করেন।

# একজন ভোটার হিসাবে আমার অধিকারসমূহ কী?

## সাধারণ নির্বাচনে আপনার ভোট দেওয়ার অধিকার থাকবে যদি:

- NYC-তে ভোটার হন।
- আপনি ন্যূনতম 18 বছর বয়সী এবং একজন US-এর নাগরিক হন।
- বন্ধ হওয়ার সময়ের মধ্যে আপনি আপনার পোল সাইটে লাইনে থাকেন।

## যেকোনো নির্বাচনে আপনার এই অধিকারগুলি থাকবে:

- সাহায্যের জন্য একজন ভোট কর্মীকে জিজ্ঞাসা করুন, বা আপনার যদি কোন ভাষাগত সহায়তার প্রয়োজন হয়, তবে একজন দোভাষীর অনুরোধ করুন। দোভাষী সম্পর্কে আরও তথ্যের জন্য শ্রবণ প্রতিবন্ধীদের জন্য **866-VOTE-NYC (866-868-3692)** বা **TTY 212-487-5496**-এ কল করুন।
- আপনাকে ভোটপ্রদান করতে সহায়তা করার জন্য কাউকে (আপনার নিয়োগদাতা বা ইউনিয়ন প্রতিনিধি ব্যতীত) সঙ্গে নিয়ে আসুন।
- আপনার সঙ্গে এই ভোটার গাইডটি সহ অন্যান্য মুদ্রিত প্রকাশনা সঙ্গে নিয়ে আসুন।
- যদি ভোটপ্রদান করার মেশিন নষ্ট থাকে, তথাপি ভোটপ্রদান করুন।
- যদি আপনার পোল সাইটে ভোটার তালিকায় আপনার নাম না থাকে, তবে এফিডেভিট ব্যালটের মাধ্যমে ভোটপ্রদান করুন।
- একটি প্রবেশযোগ্য ভোট কেন্দ্র যা শারীরিক প্রতিবন্ধকতা মুক্ত।
- আপনার ব্যালট জমা দিতে একটি প্রবেশযোগ্য ভোট দান করার মেশিন ব্যবহার করুন।
- আপনার যোগ্যতা বা অক্ষমতা নির্বিশেষে ভোট দিন।

## অপরাধী বা অপরাধমূলক কার্যে দোষী সাব্যস্ত ব্যক্তিদের ভোট দেওয়ার অধিকার:

- অন্যায় এবং লঙ্ঘনের ক্ষেত্রে দোষী সাব্যস্ততা আপনাকে ভোট দেওয়া থেকে আটকায় না, এমনকি আপনি জেলে থাকলেও।
- যদি আপনি বর্তমানে একটি অপরাধমূলক কার্যে দোষী সাব্যস্ত হওয়ার জন্য কারাবাসে থাকেন, তাহলে আপনি ভোট দেওয়ার জন্য অযোগ্য। যাইহোক, যদি আপনি একটি অপরাধমূলক কার্যের জন্য দোষী সাব্যস্ত হন এবং আপনার সাজা স্থগিত থাকে, তাহলে আপনি ভোটপ্রদান করতে পারেন।
- আপনি যদি কোনো অপরাধমূলক কার্যে দোষী সাব্যস্ত হন এবং আপনি কারাগার থেকে মুক্তি পেয়ে থাকেন, তাহলে আপনি ভোট দিতে পারবেন। তবে, আপনাকে আবার ভোটপ্রদান করতে নিবন্ধন করুন হবে।
- আপনার যদি অপরাধমূলক কার্যে ফেডারেল দোষী সাব্যস্ত হন বা অন্য স্টেটে অপরাধমূলক কার্যে দোষী সাব্যস্ত হন, তাহলেও হয়তো আপনি নিউ ইয়র্ক-এ নিবন্ধন করতে এবং ভোট দিতে পারেন।
- যদি আপনি বর্তমানে প্রবেশন বা প্যারোলে থাকেন, তাহলেও আপনি ভোটপ্রদান করতে পারেন।
- আপনি যদি বর্তমানে কোনো অপরাধমূলক কার্যের জন্য জেলে থাকেন বা বিচারের অপেক্ষায় থাকেন, তাহলে আপনি ভোটপ্রদান করতে পারেন।

## আপনার সহায়তা প্রয়োজন হলে কার সাথে যোগাযোগ করবেন:

- আপনার পোল সাইটে কোনো সমস্যা হলে, একজন ভোট কর্মীকে বলুন বা **866-VOTE-NYC (866-868-3692)** বা **TTY 212-487-5496**-এ NYC নির্বাচন বোর্ডের সাথে যোগাযোগ করুন।
- আপনার অধিকার লঙ্ঘন হলে, একজন প্রশিক্ষিত নির্বাচন সুরক্ষা স্বেচ্ছাসেবকের সাথে কথা বলার জন্য এবং বিনামূল্যে আইনি সহায়তা পাওয়ার জন্য **866-OUR-VOTE (866-687-8683)**-এ ইলেকশন প্রোটেকশন হটলাইনে কল করুন।
- **(866) 390-2992**-এ কল করে বা **ag.ny.gov/election-hotline**-এ গিয়ে নিউ ইয়র্ক অ্যাটর্নি জেনারেলকে আপনার অভিযোগ জানান।

# অ্যাক্সেসযোগ্যতা

**নিউ ইয়র্কের প্রতিটি ভোটারের ভোট দান করার অধিকার রয়েছে। অক্ষমতার কারণে বা সীমিত ইংরেজী দক্ষতার কারণে আপনার ব্যালট পূরণ করতে যদি আপনার সহায়তার প্রয়োজন হয় তবে সহায়তা পাওয়া যাবে।**

## অ্যাক্সেসযোগ্য অনুপস্থিত ব্যক্তির ব্যালট

আপনি যদি দৃষ্টি প্রতিবন্ধী হন বা কোনও কাগজের ব্যালট চিহ্নিত করতে না পারেন তাহলেও আপনি ডাকযোগে ভোট দিতে পারবেন। আপনি একটি অ্যাক্সেসযোগ্য অনুপস্থিত ব্যক্তির ব্যালটের জন্য অনুরোধ করতে পারেন যা একটি স্ক্রীন রিডার দ্বারা পড়া যায় এবং একটি কম্পিউটার ব্যবহার করে পূরণ করা যায়। একটি অ্যাক্সেসযোগ্য অনুপস্থিত ব্যক্তির ব্যালটের অনুরোধ করতে, এখানে যান: **nycabsentee.com/accessibility** বা **866-VOTE-NYC (866-868-3692)** বা **TTY 212-487-5496**-এ কল করুন শ্রবণ প্রতিবন্ধীদের জন্য।

## ভাষা ও দোভাষী পরিষেবা

শহর জুড়ে অনেক পোল সাইটে দোভাষী পাওয়া যায়। আপনার ব্যালট বুঝতে এবং সম্পূর্ণ করতে সাহায্য করার জন্য আপনার পরিবারের সদস্য, বন্ধু বা দোভাষী সহ কাউকে পাওয়ার অধিকার রয়েছে।

আপনি **bengali.nycvotes.org/accessibility**-এ গিয়ে কোন পোল সাইট দোভাষী প্রদান করে তা জানতে পারবেন। এছাড়াও আপনি **866-VOTE-NYC (866-868-3692)**-এ কল করতে পারেন।

## ব্যালট মার্কিং ডিভাইস

**সমস্ত পোল সাইটগুলিতে ব্যালট মার্কিং ডিভাইস (ballot marking devices, BMD) উপলব্ধ রয়েছে ভোটারদের জন্য আরও ভাল অ্যাক্সেসযোগ্যতা প্রদানের জন্য, যার মধ্যে রয়েছেন যারা অন্ধ, দৃষ্টি প্রতিবন্ধী, বা এমন একটি অক্ষমতা বা অবস্থাযুক্ত যা কলম দিয়ে ব্যালট চিহ্নিত করা কঠিন বা অসম্ভব করে তোলে।**

যদি আপনি একটি BMD ব্যবহার করতে চান, তাহলে একজন ভোট কর্মীকে বলুন! ব্যালটটিকে প্রদর্শিত স্ক্রীনে দেখতে, অতিরিক্ত ভাষাগুলিতে ব্যাখ্যা করতে বা হেডফোন ব্যবহার করে আপনার পছন্দগুলি শুনতে আপনি এটি ব্যবহার করতে পারেন।

## আপনার ব্যালট চিহ্নিত করার জন্য এই ডিভাইস চারটি উপায় প্রদান করে:


টাচ স্ক্রীন


কিপ্যাড (ব্রেইল)


সিপ ও পাফ ডিভাইস


রকার প্যাডেল

- আপনি টেক্সটাকে বড় করতে "ZOOM IN" (জুম ইন) করতে পারেন, টেক্সটটিকে মূল আকারে ফিরিয়ে আনতে "ZOOM OUT" (জুম আউট) করতে পারেন অথবা কালো ব্যাকগ্রাউন্ডে সাদা টেক্সটে ব্যালট প্রদর্শনের জন্য "HIGH CONTRAST" (হাই কন্ট্রাস্ট) নির্বাচন করতে পারেন।
- আপনি পুনুরাবৃত্তি করতে পারেন এবং হেডফোনের গতি এবং ভলিউম কম-বেশ করতে পারেন।
- মনে রাখবেন! আপনার চয়নগুলি পাকাপাকি হবে না যতক্ষণ না আপনি আপনার চিহ্নিত করা ব্যালটটি স্ক্যানারে প্রবেশ করেন এবং ভোট দান করেন।
- যদি আপনার ব্যালটটি স্ক্যানারে প্রবেশ করাতে আপনার সহায়তার প্রয়োজন হয়, তবে একজন ভোট কর্মী আপনার সহায়তা করবে।

# নমুনা ব্যালট

নীচের নমুনা ব্যালটটি শুধুমাত্র প্রদর্শনের জন্য। এটি আপনার প্রকৃত ব্যালট নয় এবং এটি পূরণ করলে আপনার ভোট হিসাবে গণনা করা হবে না।

| | | |
|---|---|---|
| **City Council**<br>**সিটি কাউন্সিল** | ◯ **Candidate A**<br>**প্রার্থী A**<br>Party 1<br>দল 1 | ◯ **Candidate B**<br>**প্রার্থী B**<br>Party 2<br>দল 2 |
| **District Attorney**<br>**ডিস্ট্রিক্ট অ্যাটর্নি**<br>Bronx, Queens, Staten Island | ◯ **Candidate A**<br>**প্রার্থী A**<br>Party 1<br>দল 1 | ◯ **Candidate B**<br>**প্রার্থী B**<br>Party 2<br>দল 2 |
| **State Supreme Court**<br>**স্টেট সুপ্রিম কোর্ট**<br>Manhattan, Bronx, Queens, Brooklyn | ◯ **Candidate A**<br>**প্রার্থী A**<br>Party 1<br>দল 1 | ◯ **Candidate B**<br>**প্রার্থী B**<br>Party 2<br>দল 2 |
| **Civil Court Judges**<br>**নাগরিক আদালতের বিচারপতি** | ◯ **Candidate A**<br>**প্রার্থী A**<br>Party 1<br>দল 1 | ◯ **Candidate B**<br>**প্রার্থী B**<br>Party 2<br>দল 2 |
| **Surrogate's Court**<br>**সারোগেট আদালত**<br>Brooklyn | ◯ **Candidate A**<br>**প্রার্থী A**<br>Party 1<br>দল 1 | ◯ **Candidate B**<br>**প্রার্থী B**<br>Party 2<br>দল 2 |

## আমার ব্যালটের পছন্দগুলি

ব্যালট প্রস্তাবনাসমূহ সম্পর্কে জানার পরে আপনি আপনার পছন্দগুলি তালিকাভুক্ত করতে এই পৃষ্ঠাটি ব্যবহার করুন। পোল সাইটে আপনার ব্যালট যখন পূরণ করতে যাবেন তখন এটি তথ্যসূত্র হিসাবে আপনার সঙ্গে আনতে পারেন।

**ব্যালট প্রস্তাবনা**

| | | |
|---|---|---|
| প্রস্তাবনা 1 | ◯ হ্যাঁ | ◯ না |
| প্রস্তাবনা 2 | ◯ হ্যাঁ | ◯ না |
| প্রস্তাবনা 3 | ◯ হ্যাঁ | ◯ না |
| প্রস্তাবনা 4 | ◯ হ্যাঁ | ◯ না |
| প্রস্তাবনা 5 | ◯ হ্যাঁ | ◯ না |
| প্রস্তাবনা 6 | ◯ হ্যাঁ | ◯ না |

**অনুস্মারক! আপনার দল এবং আপনি যেখানে থাকেন তার উপর ভিত্তি করে আপনার ব্যালটে অতিরিক্ত অফিস থাকতেও পারে।**

আপনি **findmypollsite.vote.nyc**-এ গিয়ে নির্বাচন বোর্ড থেকে আপনার ব্যালটের একটি নমুনার পূর্বরূপ দেখতে পারেন

# নির্বাচিত কর্মকর্তাগণ কি করবেন?

আমাদের নির্বাচিত কর্মকর্তারা প্রতিদিন এমন সব সিদ্ধান্ত নেন যা চাকরি, আবাসন, শিক্ষা, স্বাস্থ্যসেবা এবং আরও অনেক কিছুকে প্রভাবিত করে। আপনার ব্যালটে মজুদ অফিসগুলি সম্পর্কে আরও জানুন।

**প্রার্থীদের সম্পর্কে জানার জন্য bengali.nycvotes.org/candidates**-এ যান।

## ফেডারাল অফিস

### মার্কিন সিনেট

সিনেট হল মার্কিন কংগ্রেসের আপার চেম্বার। সিনেটের 100 জন সদস্য রয়েছে, প্রতিটি স্টেট থেকে দুজন করে। তারা ছয় বছরের মেয়াদ অনুযায়ী কাজ করেন।

একটি বিল তখনই আইনে পরিণত হয় যখন এটি সিনেট এবং হাউজে ভোট পাস করে এবং রাষ্ট্রপতি দ্বারা স্বাক্ষরিত হয়।

- ড্রাফ্ট, ডিবেট, এবং আইন প্রণয়নের ক্ষেত্রে ভোট করেন।
- মন্ত্রিসভার সদস্য, সুপ্রিম কোর্টের বিচারপতি এবং ফেডারেল বিচারকদের মতো রাষ্ট্রপতি কর্তৃক নিয়োগ নিশ্চিত করেন ।
- সরকারের সকল শাখার তদারকি।

### মার্কিন প্রতিনিধি পরিষদ

মার্কিন প্রতিনিধি পরিষদ হল মার্কিন কংগ্রেসের নিম্ন আইনসভা। যেখানে 435 জন সদস্য রয়েছে, প্রতিটি স্টেট U.S. এর জনসংখ্যার তাদের অংশের সমানুপাতিক সংখ্যা দ্বারা প্রতিনিধিত্ব করে। তারা দুই বছরের মেয়াদ অনুযায়ী কাজ করেন।

একটি বিল তখনই আইনে পরিণত হয় যখন এটি সিনেট এবং হাউজে ভোট পাস করে এবং রাষ্ট্রপতি দ্বারা স্বাক্ষরিত হয়।

- ড্রাফ্ট, ডিবেট, এবং আইন প্রণয়নের ক্ষেত্রে ভোট করেন।
- সরকারের সকল শাখার তদারকি।

## স্টেট অফিসগুলি

### স্টেট সিনেট

স্টেট সিনেট হল স্টেট লেজিসলেচারের আপার চেম্বার। সেখানে 63 জন সদস্য আছে। মেয়াদের কোনো সীমা ছাড়াই স্টেট সিনেটররা দুই বছরের মেয়াদ অনুযায়ী কাজ করেন।

- আইন লিখেন এবং আইন প্রণয়নের পক্ষে ভোট দেন।
- স্টেটের ব্যয়ের মাত্রা অনুমোদন করেন।
- গভর্নরের ভেটোকে সমর্থন করে বা অতিক্রম করেন।
- স্টেট অফিসিয়াল এবং আদালতের বিচারকদের গভর্নর নিয়োগ নিশ্চিত করেন।

### স্টেট অ্যাসেম্বলি

স্টেট অ্যাসেম্বলি হল স্টেট লেজিসলেচারের লোয়ার চেম্বার। সেখানে 150 জন সদস্য আছে। সদস্যরা কোনও মেয়াদের সীমা ছাড়াই দুই বছরের মেয়াদ অনুযায়ী কাজ করেন।

- আইন লিখেন এবং আইন প্রণয়নের পক্ষে ভোট দেন।
- স্টেটের ব্যয়ের মাত্রা অনুমোদন করেন।
- গভর্নরের ভেটোকে সমর্থন করে বা অতিক্রম করেন।

## বিচারপতি

### স্টেট সুপ্রিম কোর্ট

স্টেটের সুপ্রিম কোর্টের বিচারপতিরা তাদের ডিসট্রিক্টের মধ্যে বড় ধরনের অপরাধ ও দেওয়ানি মামলাগুলির তদারকি করেন। সুপ্রিম কোর্ট নিউইয়র্ক স্টেটের ট্রায়াল আদালত; আপিল আদালত হল সর্বোচ্চ আদালত। এই বিচারকরা 14-বছরের মেয়াদে কাজ করেন।

- বিবাহ বিচ্ছেদ, আলাদা এবং বাতিলের কার্যক্রমে সভাপতিত্ব করে।
- গুরুতর অপরাধের ফৌজদারী বিচার পরিচালনা করেন।
- $50,000-এর বেশী নাগরিক বিষয়ে সিদ্ধান্ত নেয়।

### নাগরিক আদালত – কাউন্টি ও ডিস্ট্রিক্ট

নাগরিক আদালতের বিচারকরা কাউন্টি বা ডিস্ট্রিক্টের প্রতিনিধিত্ব করতে পারেন, তাই আপনি আপনার ব্যালটে একাধিক নাগরিক আদালতের বিচারপতিদের দেখতে পারেন। তিনি 10-বছরের মেয়াদে কাজ করেন এবং মামলাগুলির শুনানি করেন যার মধ্যে রয়েছে:

- $50,000 পর্যন্ত নাগরিক সংক্রান্ত বিষয়।
- বাড়িওয়ালা-ভাড়াটে সংক্রান্ত বিষয় এবং আবাসনের গুণমান রক্ষণাবেক্ষণ সংক্রান্ত মামলা।
- অপরাধমূলক কর্মের ফৌজদারি বিচার।

### সারোগেট আদালত

সারোগেট কোর্টের বিচারকরা কাউন্টি বাসিন্দাদের মৃত্যুর পর তাদের এস্টেট জড়িত মামলার সিদ্ধান্ত নেন। তারা 14 বছরের মেয়াদ অনুযায়ী কাজ করেন এবং মামলাগুলির শুনানী করেন যার মধ্যে রয়েছে:

- মৃত ব্যক্তির সাথে জড়িত বিষয়গুলি সংক্রান্ত মামলা যেমন উইল এবং এস্টেটের প্রশাসন।
- দত্তক
- অভিভাবকত্ব

# শরৎকালের 2024 ব্যালট প্রস্তাবনাসমূহ

## ব্যালট প্রস্তাবনা 1

## মার্কিন সংবিধানের সংশোধনীগুলি-এর মধ্যে কিছু সুরক্ষা যোগ করে

### ব্যালটে এই প্রস্তাব কেন রয়েছে:

ব্যালট প্রস্তাব 1 এই বছর ব্যালটে রয়েছে কারণ নিউ ইয়র্ক রাজ্য আইনসভা-এ পরপর দুটি আইনসভা অধিবেশনে সমান অধিকারসমূহ সংশোধনী (Equal Rights Amendment, ERA) পাস করেছে। রাজ্যের সংবিধানে সংশোধন করার ক্ষেত্রে সরাসরি ভোট দেবেন কি না সেটি এখন নিউ ইয়র্ক বাসীদের উপর নির্ভর করছে।

### এই প্রস্তাব কী বলে:

রাজ্যের সংবিধানে বৈষম্য-বিরোধী বিধানগুলিকে যুক্ত করে। এতে যৌন অভিমুখীতা, লিঙ্গ পরিচয় এবং গর্ভাবস্থা সহ জাতীয়তা, জাতিগত উৎস, বয়স, অক্ষমতা এবং লিঙ্গ শামিল রয়েছে। প্রজনন সংক্রান্ত স্বাস্থ্যসেবা ও ব্যক্তিস্বাধীনতাও শামিল রয়েছে।

একটি "**হ্যাঁ**" ভোট নিউ ইয়র্ক রাজ্যের সংবিধানে বৈষম্যের বিরুদ্ধে এই সুরক্ষাগুলিকে স্থাপন করে।

একটি "**না**" ভোট এই সুরক্ষাগুলিকে রাজ্য সংবিধান থেকে বের করে দেয়।

### এই প্রস্তাবের মানে কী:

প্রস্তাবটি যৌন অভিমুখীতা, লিঙ্গ পরিচয়, গর্ভাবস্থা এবং গর্ভাবস্থার ফলাফল সহ জাতীয়তা, জাতিগত উৎস, বয়স, অক্ষমতা এবং লিঙ্গের উপর ভিত্তি করে বৈষম্য নিষিদ্ধ করার জন্য মার্কিন সংবিধানের সংশোধনীগুলি-তে সুরক্ষা যোগ করে। এটি নিউ ইয়র্ক বাসীন্দারা যারা প্রজনন সংক্রান্ত স্বাস্থ্যসেবার সুবিধা পেতে চান তাদেরকে বৈষম্যের শিকার হওয়া থেকেও রক্ষা করবে।

### যদি এই প্রস্তাবনাটি পাস হয়:

আইনের অধীনে নিউ ইয়র্ক বাসীরা এই মানদণ্ডের ভিত্তিতে বৈষম্য থেকে সুরক্ষিত থাকবেন।

## এই পরবর্তী 5 প্রস্তাবনাসমূহ কেন ব্যালটে রয়েছে:

2024 চার্টার রিভিশন কমিশন (Charter Revision Commission) নিউ ইয়র্ক সিটি চার্টারের পর্যালোচনা করেছে যাতে সমস্ত নিউ ইয়র্ক বাসীর জন্য এর কার্যকারিতা ও দায়বদ্ধতা নিশ্চিত করা যায়, জনশুনানী অনুষ্ঠিত হয় এবং জনমত চাওয়ার জন্য আউটরিচ পরিচালনা করে এবং নিম্নলিখিত পাঁচটি প্রস্তাবিত পরিবর্তনের প্রস্তাব প্রদান করে।

# ব্যালট প্রস্তাবনা 2

# জনসাধারণের সম্পত্তি পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা

## এই প্রস্তাব কী বলে:

এই প্রস্তাবটি রাস্তা এবং শহরের অন্যান্য সম্পত্তি পরিষ্কার করার জন্য পয়ঃনিষ্কাশন দপ্তরের ক্ষমতাকে প্রসারিত ও স্পষ্ট করতে এবং কন্টেইনারে বর্জ্য নিষ্পত্তির জন্য সিটি চার্টারে সংশোধন করবে।

"**হ্যাঁ**" ভোট দিলে রাস্তা এবং শহরের অন্যান্য সম্পত্তি পরিষ্কার করার জন্য পয়ঃনিষ্কাশন দপ্তরের ক্ষমতাকে প্রসারিত ও স্পষ্ট করবে এবং কন্টেইনারে বর্জ্য নিষ্পত্তির প্রয়োজন হবে। "**না**" ভোট দিলে আইনগুলি অপরিবর্তিত থাকবে।

## এই প্রস্তাবের মানে কী:

পয়ঃনিষ্কাশন দপ্তরের (New York City Department of Sanitation, DSNY) পার্ক এবং হাইওয়ে মিডিয়ান সহ শহরের সমস্ত সম্পত্তি পরিষ্কার রাখার এবং রাস্তার বিক্রেতাদের সেই স্থানগুলিতে নিয়ম অনুসরণ করার জন্য দায়বদ্ধ রাখার জন্য কর্তৃত্ব বৃদ্ধি করবে। নিউ ইয়র্ক বাসীরা কীভাবে তাদের আবর্জনা সংগ্রহের জন্য বাইরে রাখে তা নিয়ন্ত্রণ করার জন্য এটি DSNY-কেও অনুমতি প্রদান করবে।

## যদি এই প্রস্তাবনাটি পাস হয়:

এটি শহরটিকে পরিষ্কার রাখার জন্য DSNY-এর কর্তৃপক্ষ এবং অধিকারক্ষেত্রকে স্পষ্ট করবে এবং কীভাবে আবর্জনা সংগ্রহের জন্য বাইরে রাখা হয় সে সম্পর্কে নিয়ম তৈরি করবে।

# ব্যালট প্রস্তাবনা 3

# প্রস্তাবিত আইনের খরচের অতিরিক্ত অনুমান এবং বাজেটের শেষ তারিখের আপডেটগুলি

## এই প্রস্তাব কী বলে:

এই প্রস্তাবটি সিটি চার্টারে সংশোধন করবে যাতে আইনের উপর শুনানী ও ভোটের আগে কাউন্সিল থেকে আর্থিক বিশ্লেষণের প্রয়োজন হয়, মেয়রের কাছ থেকে আর্থিক বিশ্লেষণ অনুমোদন করা হয় এবং বাজেটের শেষ তারিখ আপডেট করা হয়।

"**হ্যাঁ**" ভোট দিলে সিটি চার্টারে সংশোধন করা হবে যাতে স্থানীয় আইনের উপর শুনানী ও ভোটের আগে অতিরিক্ত আর্থিক বিশ্লেষণের প্রয়োজন হয় এবং বাজেটের শেষ তারিখ আপডেট করা হয়। "**না**" ভোট দিলে আইনগুলি অপরিবর্তিত থাকবে।

## এই প্রস্তাবের মানে কী:

সিটি কাউন্সিল প্রস্তাবিত আইনগুলির উপর ভোটপ্রদানের আগে খরচের অনুমান প্রদান করে। প্রস্তাবটি মেয়রের ব্যবস্থাপনা ও বাজেট অফিসকে (Mayor’s Office of Management and Budget) প্রস্তাবিত আইনগুলির জন্য নিজস্ব খরচের অনুমান প্রদান করার সুযোগ দেবে এবং প্রস্তাবিত আইনগুলির উপর জনশুনানীর আগে কাউন্সিলকে তাদের খরচের অনুমান প্রকাশ করতে হবে। এই প্রস্তাবের জন্য প্রস্তাবিত আইনের উপর জনশুনানী বা ভোট দেওয়ার আগে কাউন্সিলকে আনুষ্ঠানিকভাবে মেয়রের অফিসকে জানাতে হবে। অবশেষে, এই প্রস্তাবটি একটি নতুন মেয়রাল প্রশাসনের প্রথম বছরে নির্দিষ্ট বাজেটের রিপোর্টের সময়সীমা বাড়িয়ে দেবে এবং মেয়রের জন্য তাদের বার্ষিক সিটি বাজেট প্রকাশ করার সময়সীমা স্থায়ীভাবে বাড়িয়ে দেবে।

## যদি এই প্রস্তাবনাটি পাস হয়:

এটি পাস হওয়ার আগে আইন প্রণয়নের খরচ মূল্যায়নে মেয়রের জন্য একটি নতুন ভূমিকা তৈরি করবে এবং প্রস্তাবিত আইনগুলি জনশুনানীতে বিবেচনা করার আগে কাউন্সিল এবং মেয়রের কাছ থেকে খরচের অনুমানগুলি যাতে উপলব্ধ হয়। এটি সিটি কাউন্সিলে সিটির বার্ষিক বাজেট পেশ করার আগে সেটি তৈরি করার জন্য মেয়রকে আরও কিছু সময় দেবে।

# ব্যালট প্রস্তাবনা 4

## জননিরাপত্তার জন্য প্রণীত আইনের উপর ভোট দেওয়ার আগে আরও বিজ্ঞপ্তি ও সময়

### এই প্রস্তাব কী বলে:

পুলিশ, সংশোধনী বা দমকল বিভাগগুলির জননিরাপত্তা কার্যাবলী সংক্রান্ত আইনের উপর সিটি কাউন্সিলের ভোট দেওয়ার আগে এই প্রস্তাবটির জন্য অতিরিক্ত সরকারী বিজ্ঞপ্তি ও সময়ের প্রয়োজন হবে।

"**হ্যাঁ**" ভোট দিলে পুলিশ, সংশোধনী, বা দমকল বিভাগগুলির জননিরাপত্তা কার্যাবলী সংক্রান্ত আইনের উপর কাউন্সিলের ভোট দেওয়ার আগে অতিরিক্ত বিজ্ঞপ্তি ও সময়ের প্রয়োজন হবে। "**না**" ভোট দিলে আইনগুলি অপরিবর্তিত থাকবে।

### এই প্রস্তাবের মানে কী:

পুলিশ বিভাগ (Police Department), সংশোধনী বিভাগ (Department of Correction) বা দমকল বিভাগ (Fire Department) কে প্রভাবিত করে এমন জননিরাপত্তা আইনের উপর ভোটপ্রদান করার আগে কাউন্সিলকে অবশ্যই 30 দিনের নোটিশ দিতে হবে। এই সময়ে, মেয়র এবং প্রভাবিত সিটি এজেন্সিগুলি অতিরিক্ত জনসাধারণের মতামত শোনার জন্য জনশুনানীও করতে পারে।

### যদি এই প্রস্তাবনাটি পাস হয়:

মেয়র এবং প্রভাবিত এজেন্সিগুলি এই প্রস্তাবের উপর জনশুনানী অনুষ্ঠিত করার জন্য 30 দিনের সময় ব্যবহার করতে পারে।

# ব্যালট প্রস্তাবনা 5

## মূলধন পরিকল্পনা

### এই প্রস্তাব কী বলে:

এই প্রস্তাবটি সিটি চার্টারে সংশোধন করবে যাতে শহরের ব্যবস্থাগুলির বার্ষিক মূল্যায়নে আরও বিশদ-বিবরনের প্রয়োজন হয়, এটি বাধ্যতামূলক হয় যে ব্যবস্থাটিকে মূলধন পরিকল্পনা জানাতে হবে এবং মূলধন পরিকল্পনার শেষ তারিখেগুলি আপডেট করতে হবে।

শহরের ব্যবস্থাগুলির রক্ষণাবেক্ষণের প্রয়োজনীয়তাগুলি মূল্যায়ন করার সময় "**হ্যাঁ**" ভোট দিলে আরও বিশদ-বিবরণের প্রয়োজন হবে, এটি বাধ্যতামূলক হবে যে ব্যবস্থাটিকে মূলধন পরিকল্পনা জানাতে হবে এবং মূলধন পরিকল্পনার শেষ তারিখেগুলি আপডেট করতে হবে। "**না**" ভোট দিলে আইনগুলি অপরিবর্তিত থাকবে।

### এই প্রস্তাবের মানে কী:

সিটিকে অবশ্যই শহরের সুবিধা, পরিকাঠামো এবং বিনিয়োগের রক্ষণাবেক্ষণের খরচের অনুমান করতে হবে এবং এই মূল্যায়নগুলি মূলধন পরিকল্পনা রিপোর্টে প্রকাশ করতে হবে।

### যদি এই প্রস্তাবনাটি পাস হয়:

এটি শহরের সম্পত্তির রক্ষণাবেক্ষণের খরচ মূল্যায়নের জন্য ব্যবহৃত মানদণ্ডকে প্রসারিত করবে। এই প্রস্তাবটি মূলধন পরিকল্পনা রিপোর্টের জন্য নির্ধারিত তারিখ এবং সংশ্লিষ্ট জনশুনানীর তারিখও পরিবর্তন করবে।

## ব্যালট প্রস্তাবনা 6

# সংখ্যালঘু এবং মহিলাদের মালিকানাধীন ব্যবসায়িক উদ্যোগ (Minority and Women-Owned Business Enterprises, MWBES), ফিল্ম পারমিট, এবং সংরক্ষণাগার পর্যালোচনা বোর্ড

### এই প্রস্তাব কী বলে:

এই প্রস্তাবটি চিফ বিজনেস ডাইভারসিটি অফিসারের (Chief Business Diversity Officer, CBDO) প্রতিষ্ঠা করার জন্য, মেয়রকে এমন অফিস মনোনীত করতে দেওয়ার জন্য যা ফিল্ম পারমিট ইস্যু করে এবং আর্কাইভ বোর্ডগুলিকে একত্রিত করার জন্য সিটি চার্টারে সংশোধন করবে।

"**হ্যাঁ**" ভোট দিলে MWBE-গুলিকে সাহায্য করার জন্য CBDO প্রতিষ্ঠিত হবে, মেয়রকে ফিল্ম পারমিট ইস্যু করে এমন অফিস মনোনীত করতে এবং দুটি বোর্ডগুলিকে একত্রিত করার ক্ষমতা দেবে। "**না**" ভোট দিলে আইনগুলি অপরিবর্তিত থাকবে।

### এই প্রস্তাবের মানে কী:

প্রস্তাবটি MWBE-কে সাহায্য করার জন্য একটি নতুন ভূমিকা তৈরি করবে, মেয়রকে নির্দিষ্ট করার অনুমতি দেবে যে কোন এজেন্সি ফিল্ম পারমিট জারী করবে, এবং শহরের রেকর্ডগুলি পরিচালনা করে এমন দুটি বোর্ডকে সম্মিলিত করবে।

### যদি এই প্রস্তাবনাটি পাস হয়:

এটি এই পরিবর্তনগুলি করার জন্য চার্টারে সংশোধন করবে।

# NYC Votes সম্পর্কে

**NYC Votes হচ্ছে নিউ ইয়র্ক সিটি ক্যাম্পেইন ফাইন্যান্স বোর্ডের (Campaign Finance Board) একটি উদ্যোগ, একটি স্বতন্ত্র সিটি এজেন্সি যা নিশ্চিত করে যে স্থানীয় নির্বাচনগুলি যাতে ন্যায্য, সর্বব্যাপী এবং উন্মুক্তভাবে হয়।**

আমরা ভোটার ও প্রার্থীদের মধ্যে অংশগ্রহণ করার ব্যাপারটিকে সমানভাবে উৎসাহ দেই যাতে আমাদের নির্বাচিত কর্মকর্তারা আমাদের বিভিন্ন কমিউনিটির চাহিদাগুলি এবং ভোটাররা যে বিষয়গুলি নিয়ে চিন্তা করেন সেগুলির সমাধান করতে পারেন।

নিউ ইয়র্কের এমন বাসিন্দা যারা ভোটদান করতে চান না তাদের ক্ষমতায়ণ করার মাধ্যমে, অফিসের জন্য প্রতিদ্বন্দ্বিতা করার ক্ষেত্রে বাঁধাগুলি হ্রাস করার মাধ্যমে, এবং আমাদের নির্বাচন ব্যবস্থা উন্নয়নের জন্য সমাধান প্রদান করার মাধ্যমে আমরা এটি করে থাকি। শহরব্যাপী ভোটারদের নিবন্ধিত করতে, শিক্ষা প্রদান করতে এবং অংশগ্রহণ করাতে NYC Votes কমিউনিটির প্রতিষ্ঠান, স্বেচ্ছাসেবক, এবং অন্যান্য সিটি এজেন্সিগুলির সঙ্গে অংশীদারত্ব করে। আমাদের লক্ষ্য হল আমাদের নির্বাচন কীভাবে কাজ করে এবং কেন সেগুলি গুরুত্বপূর্ণ সে সম্পর্কে একটি সৎ সংলাপের মাধ্যমে সমস্ত নিউ ইয়র্কবাসীর জন্য নির্বাচনী প্রক্রিয়া সম্পর্কে আরও বৃহত্তর ধারণা তৈরি করা।

1988 সালে প্রতিষ্ঠিত, এজেন্সিটি নিউইয়র্কের অধিবাসীদের, তাদের ব্যালটের প্রার্থীদের সম্পর্কে তথ্য এবং কীভাবে তাদের ক্যাম্পেইন ফান্ডিং করা হবে, এই সম্পর্কে প্রস্তুত করে। আমাদের ম্যাচিং ফান্ড প্রোগ্রাম লোকাল ডোনারের কাছ থেকে প্রতি $1 সিটি ফান্ডিংয়ের $8 পর্যন্তর সাথ মেলায়, যা সিটি র প্রার্থীদের স্পেশাল ইন্টারেস্টের পরিবর্তে তাদের কমিউনিটিগুলিতে ফোকাস করতে উৎসাহিত করে.

## ম্যাচিং ফান্ডস প্রোগ্রাম

**আপনার সমর্থন করা স্থানীয় প্রার্থীদের অনুদান করুন যাতে তারা শহর জুড়ে কার্যকর ক্যাম্পেইন চালাতে পারে।**

আপনার অনুদান প্রার্থীদের স্টাফ নিয়োগ করতে, ক্যাম্পেইনের সামগ্রী তৈরি করতে এবং আপনার কমিউনিটির আরও ভোটাপ্রদানকারীদের কাছে পৌঁছানোর সুবিধা দেয়। আপনি যখন সিটির ম্যাচিং ফান্ডস প্রোগ্রামে অংশগ্রহণকারী প্রার্থীদের সমর্থন করেন তখন আপনার অনুদান আরও বেশী কাজে লাগে। শহরের বাসিন্দাদের তরফ থেকে অংশগ্রহণকারী প্রার্থীদের প্রতি অনুদান 8-থেকে-1-এর হিসাবে মিলানো যেতে পারে। তার মানে আপনি যখন $10 অবদান রাখেন, তখন প্রার্থী $90 পান।

**ম্যাচিং
ফান্ডস প্রোগ্রাম সম্পর্কে আরও জানুন।**

এই প্রোগ্রামটি নিশ্চিত করতে সাহায্য করে যে সিটি কাউন্সিল এবং মেয়রের মতো স্থানীয় অফিসগুলির ক্যাম্পেইনগুলি যাতে নিউ ইয়র্ক বাসীদের কাছ থেকে ছোট ডলারের অনুদান দ্বারা ফান্ড করা হয়, বিশেষ স্বার্থ দ্বারা নয়। এর মানে হচ্ছে এও যে, যে প্রার্থীরা ধনী নন কিন্তু তাদের শক্তিশালী কমিউনিটির সমর্থন আছে তারা প্রতিদ্বন্দ্বিতা করে আরও বৈচিত্র্যময় এবং প্রতিনিধিত্বমূলক সরকার তৈরি করার সামর্থ্য রাখতে পারেন। নিউ ইয়র্ক সিটির 2021 সালের নির্বাচনে, স্থানীয় প্রার্থীদের 83% এরও বেশি বলেছিলেন যে অফিসের জন্য প্রতিদ্বন্দ্বিতা করার তাদের ক্ষমতার জন্য ম্যাচিং ফান্ডসই চাবিকাঠি ছিল।

**অবদান রাখুন
contribute.nycvotes.org-এ**

# সচরাচর জিজ্ঞাসিত প্রশ্নাবলী

## সাধারণ

**আমি সবেমাত্র এপ্রিল এবং/অথবা জুন মাসে ভোট দিয়েছি। নভেম্বর 5-এর নির্বাচন কীরকমভাবে আলাদা?**

এই বছরের শুরুর দিকে, 5 নভেম্বরের সাধারণ নির্বাচনে কোন প্রার্থীরা তাদের রাজনৈতিক দলের প্রতিনিধিত্ব করবে তা নির্ধারণ করার জন্য NYC-তে প্রাথমিক নির্বাচন অনুষ্ঠিত হয়েছিল। প্রাথমিক নির্বাচনে শুধুমাত্র রাজনৈতিক দলের সদস্যরা ভোট দেওয়ার যোগ্য ছিলেন। সাধারণ নির্বাচনে, NYC ভোটাররা সিদ্ধান্ত নিবেন যে কোন কোন প্রার্থী  জানুয়ারিতে অফিসের দায়িত্ব নিবেন।

সকল নিবন্ধিত NYC ভোটাররা 5 নভেম্বরে ভোট দেওয়ার যোগ্য।

**সাধারণ নির্বাচন কি?**

সাধারণ নির্বাচনে, নির্বাচিত অফিস জয় করার জন্য বিভিন্ন দল থেকে প্রার্থীরা প্রতিযোগিতা করে। ব্যালটে উল্লেখিত প্রত্যেকটি অফিসের জন্য আপনি যে কোন প্রার্থী কিংবা দলকে ভোটদান করতে পারবেন। আপনি প্রস্তাবিত ব্যালটে “হ্যাঁ” কিংবা “না” ভোট করতে পারেন। যে সকল ভোটারগণ সময়সীমার মধ্যে নিবন্ধিত হবেন, শুধুমাত্র তাঁরা সাধারণ নির্বাচনে ভোটদানের যোগ্য বলে বিবেচিত হবেন।

**আমি ভোটপ্রদান করতে নিবন্ধন করেছি কি না তা কীভাবে যাচাই করতে পারবো?**

**voterlookup.elections.ny.gov**-এ যান বা **866-VOTE-NYC (866-868-3692)** বা শ্রবণ প্রতিবন্ধীদের জন্য **TTY 212-487-5496**-এ NYC নির্বাচন বোর্ডে কল করুন।

**যদি গত ভোটপ্রদানের পর আমি নিউ ইয়র্ক সিটির ভেতরেই নিবাসস্থান পরিবর্তন করে থাকি?**

আপনি যদি নিবাসস্থান পরিবর্তন করে থাকেন, তবে নতুন ভোটার নিবন্ধন ফর্ম নির্বাচন বোর্ডে জমা দিয়ে আপনার ঠিকানা পরিবর্তন করবেন। আপনার ঠিকানা পরিবর্তন 26 অক্টোবর 2024-এর মধ্যে নির্বাচন বোর্ডের কাছে পৌঁছে যেতে হবে। শ্রবণ সংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য আপনার ঠিকানা পরিবর্তন প্রক্রিয়া করা হয়েছে কিনা তা জানতে **866-VOTE-NYC (866-868-3692)** বা **TTY 212-487-5496**-এ কল করুন।

যদি আপনার ঠিকানা এখনও আপডেট করা না হয়, তাহলে আপনি আপনার পোল সাইটে এফিডেভিট ব্যালটের অনুরোধ করে আপনার নতুন ঠিকানায় নির্ধারিত পোল সাইটে ভোট দিতে পারেন।

## ডাকযোগে ভোট প্রদান

**যদি আমি মেইল ব্যালট দ্বারা একটি ভোটের অনুরোধ করে থাকি, তবেও কি আমি সশরীরে ভোট দেওয়ার যোগ্য হবো?**

আপনি যদি একটি মেইল ব্যালটের অনুরোধ করেন, তাহলে আপনার এটি দিয়েই ভোট দেওয়ার পরিকল্পনা করা উচিত। ভোট চালু থাকাকালীন আপনার পূরণ করা ব্যালটটি যেকোনো ভোটকেন্দ্রে আপনি পৌঁছে দিতে পারবেন। তবে, যদি আপনি মেইল ব্যালটের অনুরোধ করার পরেও সশরীরে ভোট দিতে চান তবে আপনাকে আপনার পোল সাইটে একটি এফিডেভিট ব্যালট দিয়ে ভোট দিতে হবে। এই ব্যালটটি দেখতে ভিন্ন হবে। যদি প্রয়োজন হয় তাহলে একজন ভোট কর্মীর সহায়তা চান।

**আমি যদি আমার ব্যালট ডাকযোগে পাঠাই তাহলে কি আমাকে স্ট্যাম্প ব্যবহার করতে হবে?**

না, আপনাকে স্ট্যাম্প যোগ করতে হবে না। তবে, যত তাড়াতাড়ি সম্ভব আপনার ব্যালট ফেরত পাঠানোর বিষয়টি ভুলবেন না। এটি বৈধ হওয়ার জন্য নির্বাচনের দিন পর্যন্ত পোস্টমার্ক করা হয়ে যাওয়া আবশ্যক।

**আমি কি আমার মেইল ব্যালট আমার পোল সাইটে পৌঁছে দিতে পারি?**

হ্যাঁ! আপনি যেকোনো NYC পোল সাইটে আপনার সম্পূর্ণ ব্যালট নিজে গিয়ে পৌঁছে দিতে পারেন। ব্যালট বক্সগুলো ফ্রন্টডেস্কে থাকবে। আপনাকে পোস্টেজ যোগ করতে হবে না।

**আমি আমার ব্যালট ফেরত দেওয়ার পরে ট্র্যাক করতে পারি কি?**

হ্যাঁ! **requestballot.vote.nyc/tracking**-এ যান।

**যদি আমার অনুপস্থিত ব্যক্তির ব্যালটে কোন সমস্যা থাকে তাহলে কী হবে? আমি কি এটা ঠিক করার সুযোগ পাব? কীভাবে?**

যদি আপনার ব্যালটের খামে স্বাক্ষর অনুপস্থিত বা ভুল স্বাক্ষরের মত সংশোধনযোগ্য ত্রুটি থাকে, তাহলে সে সম্পর্কে আপনাকে অবহিত করতে নির্বাচন বোর্ড আইনত বাধ্য। যদি আপনার ব্যালটে সংশোধনযোগ্য ত্রুটি থাকে, তাহলে ত্রুটি খুঁজে পাওয়ার 1 দিনের মধ্যে ডাকযোগে, ইমেইলে এবং ফোন (যদি উপলব্ধ থাকে) দ্বারা তারা আপনার সাথে যোগাযোগ করবে। আপনি একটি স্বাক্ষরিত সম্মতি পাঠানোর মাধ্যমে ভুল ঠিক করার জন্য 7 দিন সময় পাবেন।

আরো প্রশ্ন আছে কি? আপনি ইমেইল করতে পারেন **nycvotes@nyccfb.info**-এ, আমাদের সাথে Instagram, Twitter বা Facebook-এ যোগাযোগ করতে পারেন।

**আরো প্রশ্ন আছে কি?**

**bengali.nycvotes.org/faqs**-এ যান! এছাড়াও আপনি আমাদের **nycvotes@nyccfb.info**-এ ইমেইল করতে পারেন, অথবা Instagram, Twitter, বা Facebook (@nycvotes)-এ আমাদের মেসেজ করতে পারেন।

## নির্বাচন বোর্ডের সঙ্গে আপনার তথ্য আপডেট করুন।

নিউ ইয়র্ক সিটি নির্বাচন বোর্ড দ্বারা তদারকি করা নিবন্ধিত ভোটারদের তালিকা থেকে আমরা আপনার নাম এবং ঠিকানা পেয়েছি। যদি আপনি মেইলে এই ভোটারের গাইড টি পেয়ে থাকেন, কিন্তু আপনি সেই নির্ধারিত ব্যক্তি না হন, কিংবা নির্ধারিত ব্যক্তিকে যদি অপসারণ করা হয়ে থাকে কিংবা তাঁর মৃত্যুহয়ে থাকে, তাহলে নির্বাচনের বোর্ডকে জানান, যেন তাঁরা তাদের রেকর্ড সংশোধন করতে পারেন।

## ভোটার গাইড সম্পর্কে

NYC VOTES

আইন অনুসারে, NYC Votes-কে সিটি নির্বাচনের জন্য নিউ ইয়র্ক সিটিতে এমন প্রতিটি বাড়িতে একটি ভোটার গাইড পাঠাতে হবে যেখানে একজন নিবন্ধিত ভোটার রয়েছে। আমরা প্রত্যেক নিবন্ধিত ভোটারের জন্য ইংরেজি এবং স্প্যানিশ ভাষায় গাইড প্রেরণ করি এবং আদমশুমারির ডেটা অনুসারে নির্ধারিত এলাকাতে চাইনিজ, কোরিয়ান এবং বাংলা ভাষায় ভোটারদের কাছে গাইড প্রেরণ করি।

আপনার ব্যালটে মজুদ প্রার্থীদের সম্পর্কে জানতে **bengali.nycvotes.org/candidates**-এ যান।

নিউ ইয়র্ক সিটির 2024 সালের সাধারণ নির্বাচনের ভোটার গাইড। নিউ ইয়র্ক সিটি ক্যাম্পেইন ফাইন্যান্স বোর্ড দ্বারা কপিরাইট © 2024। সকল অধিকার সংরক্ষিত। Bellweather দ্বারা ডিজাইন করা হয়েছে। USA-তে তৈরি

## নির্বাচন বোর্ড সঙ্গে যোগাযোগ করুন।

নির্বাচন বোর্ড আমাদের নির্বাচনগুলি পরিচালনা করে এবং নিবন্ধিত ভোটারদের ডেটাবেজ ব্যবস্থাপনা, ভোট দানের স্থানসমূহ পর্যবেক্ষণ করা, ব্যালটগুলি গণনা করা, এবং নির্বাচনের ফলাফলগুলি রিপোর্ট করার জন্য দায়বদ্ধ। আপনি আপনার ভোটার নিবন্ধন আপডেট করতে পারেন, অনুপস্থিত ব্যক্তির ব্যালটের আবেদন করতে পারেন, পোলের কর্মী কিংবা ভাষাগত অনুবাদকের জন্য আবেদন এবং নিউইয়র্ক সিটির নির্বাচন বোর্ডের সঙ্গে আরও অনেক কিছু করতে পারেন। আমরা নির্বাচন বোর্ডের অংশ নই।

**আরও জানতে vote.nyc-এ যান।**

## কাজের নিয়মিত সময়সূচী

সকাল 9:00 টা থেকে বিকাল 5:00 টা পর্যন্ত, সোমবার থেকে শুক্রবার, এবং নির্বাচনের দিনে ও নির্বাচনের দিনের আগের সপ্তাহান্তে। কাজের সময়সূচী জানার জন্য **vote.nyc**-এ গিয়ে দেখুন বা **866-VOTE-NYC**-এ বা (শ্রবণ সংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য **TTY 212-487-5496**-এ) কল করুন।

| | ঠিকানা | ফোন নম্বর |
|---|---|---|
| **সাধারণ অফিস** | 32-42 Broadway, 7th Floor<br>New York, NY 10004 | 212-487-5400 |
| **Bronx** | 1780 Grand Concourse, 5th Floor<br>Bronx, NY 10457 | 718-299-9017 |
| **Brooklyn** | 345 Adams Street, 4th Floor<br>Brooklyn, NY 11201 | 718-797-8800 |
| **Manhattan** | 200 Varick Street, 10th Floor<br>New York, NY 10014 | 212-886-2100 |
| **Queens** | 118-35 Queens Boulevard, 11th Floor<br>Forest Hills, NY 11375 | 718-730-6730 |
| **Staten Island** | 1 Edgewater Plaza, 4th Floor<br>Staten Island, NY 10305 | 718-876-0079 |